222

দৈনিক সংবাদ

তারিখ 05 JUL 1995
পৃষ্ঠা ৮ কলাম ৫

# বিশ্ববিদ্যালয় ছাত্রদের সঙ্গে মেডিক্যাল কলেজ কর্মচারীদের সংঘর্ষ ঃ আহত ৩

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গতকাল (মঙ্গলবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের সঙ্গে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের ৪র্থ শ্রেণীর কর্মচারীদের দু'দফা সংঘর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩জন ছাত্র আহত হয়েছে।

সংঘর্ষ ঃ পৃঃ ৮ কঃ ৭

## সংঘর্ষ ঃ আহত ৩

( ১ম পৃষ্ঠার পর )

আহতরা ঢাকা বিশ্ববিদ্যালয় মেডিক্যাল সেন্টার থেকে চিকিৎসা গ্রহণ করে। সংঘর্ষের সময় পুলিশ ৯/১০ রাউন্ড টিয়ার গ্যাস নিক্ষেপ করে। এ সময় ৪ রাউন্ড গুলি এবং অনেক ককটেল বিস্ফোরিত হয়।

ছাত্ররা জানায় ঃ ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন ঢাকা বিশ্ববিদ্যালয় ফজলুল হক হলের অনাবাসিক ছাত্র ফেরদৌসের জন্য তার এক বন্ধু গতকাল সকালে নাস্তা নিয়ে গেলে কর্তব্যরত দারোয়ান তাকে লাঞ্ছিত করে। এরপর দুপুর ১২টায় ফজলুল হক ও শহীদুল্লাহ হলের ৭/৮ জন ছাত্র ব্যাপারটির মীমাংসার জন্য হাসপাতালে গেলে ৪র্থ শ্রেণীর কর্মচারীরা তাদের আটকে রাখে এবং এক পর্যায়ে চাপাতিসহ অন্যান্য ধারালো অস্ত্র নিয়ে ছাত্রদের ওপর চড়াও হয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স ১ম পর্বের ছাত্র শহীদুল্লাহ হলের টিটো ও হাবীব এবং উদ্ভিদবিদ্যা বিভাগের সম্মান ২য় বর্ষের ছাত্র ফজলুল হক হলের মাসুদকে মাথায় আঘাত করে। এর জের ধরে দুপুরে শহীদুল্লাহ ও ফজলুল হক হলের ছাত্ররা ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের জরুরি বিভাগের সামনে বেশ কিছু দোকান ভাঙচুর করে। তখন মেডিক্যাল কলেজের ৪র্থ শ্রেণীর কর্মচারীদের সঙ্গে আবার ছাত্রদের সংঘর্ষ শুরু হয়। উভয়পক্ষে ইট-পাটকেল নিক্ষেপ করে এবং পুলিশ টিয়ার গ্যাস চার্জ করে। পুলিশের নিক্ষিপ্ত ৬টি শেল শহীদুল্লাহ হল কম্পাউন্ডের মধ্যে এসে পড়ে।